

৩৩

নাটোরে ২টি সরকারী
স্কুলে অভিন্ন সমস্যা
নাটোর সংবাদপত্র। শহরের
দুইটি সরকারী স্কুলে নানা সমস্যার
कारणे ছাত্র-ছাত্রীদের লেখাপড়া
ব্যাহত হইতেছে। সংশ্লিষ্ট অফিস
সূত্রে জানা যায়, নাটোর সরকারী
(৯ম পৃ: দ্রষ্টব্য)

নাটোরের দুইটি

(৩য় পৃ: পর)

বালক বিদ্যালয়ে বর্তমানে ৯৭৫
জন ছাত্র আছে। অধিক ছাত্র
ভর্তি করার তাহারা শ্রেণী কক্ষে
বসিতে পারে না। প্রধান শিক্ষক
জ্ঞান, চাপের মুখে প্রয়োজনের
অতিরিক্ত ছাত্র ভর্তি করিতে
হইয়াছে। আসবাবপত্রের অভা-
বের কথা জানাইয়া উর্ধ্বতন
কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ
করা হইয়াছে। খেলার মাঠ
নাই। প্রায় দশ বছর পূর্বে দশটি
শ্রেণী কক্ষ বিশিষ্ট একটি নতন
ভবন নির্মাণ করা হইয়াছে। কিন্তু
নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায়
ভবনটি ব্যবহার করা সম্ভব হই-
তেছে না। নতন ভবন সংলগ্ন
খেলার মাঠটি বৃষ্টির পানিতে
ডুবিয়া থাকে। খেলাধুলা ও

সাংস্কৃতিক অনুষ্ঠান হয় না। কমন-
রুম নাই। বিজ্ঞান গবেষণাগার না
থাকায় ছাত্ররা পরীক্ষার সময়
বিপাকে পড়ে। স্কুলে সীমানা
প্রাচীর না থাকায় অবাধে গরু-
ছাগল প্রবেশ করে।

নাটোর সরকারী বালিকা
বিদ্যালয়ে অভিন্ন সমস্যার কারণে
ছাত্রীদের লেখাপড়া ব্যাহত
হইতেছে। এই স্কুলে বর্তমানে
৮০৫ জন ছাত্রী আছে।
শ্রেণীকক্ষ ও আসবাবপত্রের
অভাবে ছাত্রীদের অনেক সময়
ঠাসাঠাসি করিয়া বসিতে হয়
অথবা দাঁড়াইয়া ক্লাস করিতে
হয়। খেলার মাঠে পানি জমিয়া
থাকে। পানীয়জলের অভাব
তীব্র। পৌরসভার সরবরাহকৃত
পানি পাওয়া যায় না। এ ব্যাপারে
সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা
সঙ্গেও প্রতিকার হয় নাই বলিয়া
অভিযোগ পাওয়া গিয়াছে।